দৈনিক ইত্তেফাক
25
তারিখ ... ... ...APR. 04.2000.
পৃষ্ঠা 8 কলাম 7

# বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন প্রসঙ্গে

বর্তমান যুগ বিজ্ঞান ও প্রযুক্তির যুগ। বিশ্বের প্রত্যেকটি দেশ তাহাদের নব নব প্রযুক্তি-জ্ঞানের আলোকে নিজ নিজ দেশকে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলার জন্য প্রস্তুত করিতেছে। তাহারই সূত্র ধরিয়া কুদরত-ই-খোদা শিক্ষা কমিশন বারটি বিজ্ঞান প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাব করেন। প্রাথমিক পর্যায়ে পটুয়াখালী, দিনাজপুর ও গোপালগঞ্জে উক্ত বিশ্ববিদ্যালয় স্থাপনের কার্যক্রম শুরু হইয়াছে। ১১/৯/৯৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী দিনাজপুরে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উদ্বোধন করেন। আমরা শুনিয়াছিলাম, অচিরেই পটুয়াখালী কৃষি কলেজকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হিসাবে উদ্বোধন করা হইবে। কিন্তু স্বার্থান্বেষী একটি মহল দক্ষিণাঞ্চলবাসীর দীর্ঘদিনের লালিত স্বপ্ন পটুয়াখালী কৃষি কলেজ যাহাতে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উন্নীত না হয়, সে জন্য তৎপরতা চালাইয়া যাইতেছে। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি এবং অনতিবিলম্বে পটুয়াখালী কৃষি কলেজকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হিসাবে ঘোষণার জন্য সনির্বন্ধ আবেদন জানাইতেছি।

মাহবুব, শামীম,
পটুয়াখালী কৃষি কলেজ, পটুয়াখালী।